

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০  
www.bfsa.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ে কর্মরত নিরাপদ খাদ্য অফিসারগণের সাথে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২৩-সেপ্টেম্বর ২০২৩) সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আব্দুন নাসের খান  
সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।  
তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ  
সময় : সকাল ৯:৩০ টা।  
মাধ্যম : অনলাইন প্ল্যাটফর্ম (জুম)।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের কর্মকর্তাগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সহকারী পরিচালক জনাব জেবিদাস রায় সেবা প্রদানের অংশ হিসেবে সভার শুরুতেই সভা আহ্বানের প্রেক্ষাপট বর্ণনা করেন। জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবার বিভিন্ন বিষয়াদি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

কর্তৃপক্ষের পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ আতিকুর রহমান মজুমদার জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ে সেবা প্রদান সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য একটি রেজিস্টার রাখার বিষয়ে সভায় উল্লেখ করেন। কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক জনাব মো: কাওছারুল ইসলাম সিকদার জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও তিনি আবশ্যিকভাবে হালনাগাদকৃত সিটিজেন চার্টার জেলা /মেট্রোপলিটন কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং অফিসের সম্মুখে প্রদর্শনের বিষয়ে সভায় উল্লেখ করেন। জনাব মো: রকিবুল হাসান, উপপরিচালক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ অনুযায়ী সকল প্রতিবেদন ও প্রমাণক প্রধান কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের বিষয়ে নিরাপদ খাদ্য অফিসারগণের দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি জেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদানে আরও দায়িত্বশীল হওয়া এবং কর্মকর্তা-কর্মচারীদের যথোপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত
১.	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের ওয়েবসাইটে প্রদর্শিত সিটিজেন চার্টারে উল্লিখিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
২.	সেবা গ্রহীতা যাতে হয়রানির শিকার না হয়, সে বিষয়ে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেতন থাকতে হবে।
৩.	সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে এবং আবশ্যিকভাবে হালনাগাদকৃত সিটিজেন চার্টার জেলা /মেট্রোপলিটন কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং অফিসের সম্মুখে প্রদর্শন করতে হবে।

৪.	মাঠ পর্যায়ের সিটিজেন চার্টার কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে প্রতিনিয়ত আলাপ-আলোচনা ও প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ অনুযায়ী সকল প্রতিবেদন ও প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আব্দুন নাসের খান

সচিব

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

নম্বর: ১৩.০২.০০০০.১০০.৩৬.০২৫.২২ . ৫ ২ ২

তারিখ: ২০ ভাদ্র ১৪৩০  
০৪ সেপ্টেম্বর ২০২৩

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
- ২। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। অতিরিক্ত পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। উপ-পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৬। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। নিরাপদ খাদ্য অফিসার (সকল), জেলা ও মেট্রোপলিটন কার্যালয়, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।